

সহকারী অধ্যাপক পদে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা ও অভিজ্ঞতা: (মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ)

- (ক) প্রার্থীদের এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে তবে ২০০১, ২০০২, ২০০৩ সনে এসএসসি বা সমমান এবং ২০০৩ সনে এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম GPA ৩.৫০ (৫.০০ স্কেলে) থাকতে হবে।
- (খ) প্রার্থীদের বিজ্ঞপ্তিকৃত (মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং) বিষয়ে স্নাতক (ইঞ্জিনিয়ারিং) ও মাস্টার্স উভয় পরীক্ষায় ন্যূনতম CGPA ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে যে কোন একটি পরীক্ষার ফলাফলের CGPA এর শর্ত শিথিলযোগ্য তবে তা CGPA ৩.২৫ এর নিচে কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। মাস্টার্স ডিগ্রীধারী যোগ্য প্রার্থী পাওয়া না গেলে ৪ বছর মেয়াদী ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী প্রার্থী নিয়োগ করা যেতে পারে।
- (গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/ শ্রেণী\* থাকতে হবে। যে কোন একটি পরীক্ষার ফলাফলের শর্ত শিথিলযোগ্য তবে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণী\* থাকতে হবে।
- (ঘ) প্রার্থীর স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি থাকলে ন্যূনতম ২ (দুই) বছরের বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা\*\* থাকতে হবে।
- (ঙ) প্রার্থীর ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছরের স্নাতক ডিগ্রি থাকলে ন্যূনতম ০২ (দুই) বছরের বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা\*\* এবং সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) টি প্রকাশনা\*<sup>৩</sup> থাকতে হবে। তবে উল্লেখিত সংখ্যক প্রকাশনা না থাকলে ন্যূনতম ৩ (তিন) বছর বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা\*\* থাকতে হবে।
- (চ) প্রার্থীর পিএইচডি বা সমমান ডিগ্রি থাকলে ন্যূনতম ১ (এক) বছরের বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা\*\* থাকতে হবে। প্রার্থীর এম. ফিল বা সমমান/ অতিরিক্ত মাস্টার্স ডিগ্রি থাকলে ন্যূনতম ১.৫ (দেড়) বছরের বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা\*\* থাকতে হবে। তবে প্রভাষক পদে ন্যূনতম যোগ্যতা হিসেবে পিএইচ.ডি ডিগ্রী বা সমমানের ডিগ্রী ব্যবহার হয়ে থাকলে কোন ধরনের রেয়াত সুবিধা সংশ্লিষ্ট প্রার্থীর জন্য বিবেচিত হবে না। এ ক্ষেত্রে চাকুরীর পূর্ব অভিজ্ঞতাও বিবেচিত হবে না।
- (ছ) সকল ক্ষেত্রে প্রার্থীর ন্যূনতম এই বিশ্ববিদ্যালয়ে ১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা\*\* থাকতে হবে।

\*চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা

\*<sup>১</sup> বিভাগ/ শ্রেণী বলতে বুঝাবে লেটার ও নিউমেরিকেল গ্রেড পদ্ধতি প্রবর্তনের পূর্বে যে ১ম, ২য়, ৩য় বিভাগ/ শ্রেণী হিসাবে ফলাফল দেয়া হত।

\*<sup>২</sup> অভিজ্ঞতার ক্ষেত্রে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে পূর্ণ অভিজ্ঞতা (১০০%) হিসাব গণ্য করা হবে। অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার অভিজ্ঞতার সময়কালের ৭৫% গণ্য করা হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা, প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতার অভিজ্ঞতা এবং সরকার বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের গবেষণার অভিজ্ঞতার সময়কালের ৫০% গণ্য করা হবে। তবে পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার অভিজ্ঞতা অনধিক ১ (এক) বছর এবং উপরোল্লিখিত অন্য সকল ক্ষেত্রে অনধিক ৬ (ছয়) মাস গণ্য করা হবে। খন্ডকালীন চাকুরীর অভিজ্ঞতা গণনা করা হবে না।

\*<sup>৩</sup> প্রকাশনা বলতে দেশে বিদেশে স্বীকৃত Peer reviewed জার্নাল বুঝাবে।



রেজিস্ট্রার  
শাবিপ্রবি